# পরিবেশ ও বন কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মকছুদুল হক চুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও স্থান : ২৪/১০/২০২১ খ্রি. সকাল: ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পরিবেশ ও বন কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

**০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

পরিবেশ ও বন কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শূনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনের মধ্যে ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | বন বিভাগ ঃ<br>রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ জানান, ফাঁসিয়াখালী রেঞ্জাধীন ডুলাহাজারা ও ফাঁসিয়াখালী বিট আওতাধীন ডুলাহাজারা ও রিংভং মৌজায় দোহাজারী হতে কক্সবাজার পর্যন্ত সম্প্রসারিত রেল প্রকল্পের কাজের ফলে প্রকল্প বাস্তবায়নাধীন এলাকায় রেল সড়কের জন্য যে সমস্ত ঘরবাড়ি উচ্ছেদ করা হচ্ছে এ সকল ক্ষতিগ্রস্থ লোকজন বন বিভাগের সংরক্ষিত/রক্ষিত বনভূমি জবরদখলের পায়তারা চালিয়ে যাচ্ছে। ফলশ্রুতিতে বনবিভাগ ও জনগণ মুখোমুখী অবস্থানে আছে। প্রতিনিয়ত রাতের অন্ধকারে জবরদখলকারীগণ ঘর বাঁধে দিনের বেলায় বন বিভাগ এ সমস্ত জবরদখল উচ্ছেদ করে। ডুলাহাজারা বিটের ২০০৫-২০০৬ সালের সামাজিক বনায়নে জবরদখলকারীগণ বার বার জবরদখলের চেষ্টা করলেও বন বিভাগের বাঁধারমুখে তারা সফল হতে পারে নাই। বর্তমানে এ কাজে নিরীহ জনগোষ্ঠীকে ব্যবহার করে একশ্রেণীর প্রভাবশালী ভূমিদস্যু গোষ্ঠি এ কাজে ইন্ধন দিয়ে যাচ্ছে। অতি সম্প্রতি ১৭/১০/২০১৯খ্রি. তারিখে রিংভং মৌজার দক্ষিণ পাহাড়পাড়া প্রাইমারি স্কুল সংলগ্ন স্থানের জবরদখল উচ্ছেদ কল্পে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), চকরিয়া মহোদয়গণের পরামর্শের প্রেক্ষিতে জবরদখলকারীগণকে নোটিশ প্রদান করলে জবরদখলকারী ফোরকান, পিতা: আব্দুল কাদের, সাং: মালুমঘাট তাহার জবরদখলকৃত ঘরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রীর ছবি ভাংচুর করে বন বিভাগের নামে প্রোপাগান্ডা/গুজব ছড়ানোর চেষ্টা চালান। এ সমস্ত বিষয়ে প্রশাসনের জোর নজরদারী কামনা করেন এবং গুজব রটনাকারীদের বিষয়ে সর্তকদৃষ্টি রাখার জোর দাবি জানান। | ১। অবৈধভাবে সংরক্ষিত/রক্ষিত বনভূমি জবরদখলকারীদের উচ্ছেদে সহকারী কমিশনার (ভূমি), চকরিয়া মোবাইলকোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। বনভূমি, বনাঞ্চল রক্ষায় রাজনৈতিক, সুশীল সমাজের প্রতিনিধি, মেম্বার ও চেয়ারম্যানগণ আন্তরিক সহযোগিতা করার সিদ্ধান্ত হয়। | রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী ও ফুলছড়ি রেঞ্জ। |

সভায় আর কোন আলাচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মকছুদুল হক চুট্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
পরিবেশ ও বন কমিটি, চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ২২.০১.২২১৬.৭৮৩.১৭.০০০.২১-৯৯ তাং : ২৪/১০/২০২১খ্রিঃ

<u>অনুলিপি</u> ঃ <u>সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল</u>

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবজার।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেরা পরিষদ, চকরিয়া।
৬। সংরক্ষণ নথি।

<u>জ্ঞাতার্থে ও কার্যাথে</u>

২-৪) জনাব.................................................................
৪-৬) চেয়ারম্যান.................................................. ইউনিয়ন পরিষদ।

২৪/১০/২০২১

(মোঃ মাজহারুল ইসলাম)
রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ
কক্সবাজার উত্তর বন বিভাগ
ও
সদস্য-সচিব
পরিবেশ ও বন কমিটি, চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

# চকরিয়া উপজেলার পরিবেশ ও বন কমিটির

## দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ২৪/১০/২০২১খ্রিঃ, রোজঃ রবিবার, সকাল : ১১.০০ ঘটিকা।

| ক্র:নং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | **জনাব মকছুদুল হক ছুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, পরিবেশ ও বন কমিটি। | ০১৮২০-৩৪৭৩৫৪ | |
| ০২. | **জনাব মোঃ নাজমুল হোসেন,** উপজেলা কৃষি কর্মকর্তা (ভাঃ), চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৭৭৩-৮৫৫৭৬৭ | |
| ০৩. | **ডাঃ সুপন নন্দী,** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৬৭০-৩৮৩৩৪০ | |
| ০৪. | **জনাব গুলশান আক্তার,** উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৮১১-৬৬৬১৩৮ | 24/10/21 |
| ০৫. | **জনাব আজিমুল হক আজিম,** চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৭১৬-৯৫৯৬৯৫ | |
| ০৬. | **জনাব আব্দুল মতলব,** চেয়ারম্যান, বমুবিলছড়ি ইউপি, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৫৫৩-৬০৩২৬২ | |
| ০৭. | **জনাব মোঃ মাজহারুল ইসলাম,** রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ,কক্সবাজার উত্তর বন বিভাগ ও সদস্য-সচিব, পরিবেশ ও বন কমিটি। | ০১৮১৮-৪৩২৫৪৬ | 24/10/2021 |